

# ন্যায়বিচার বার্তা



দরিদ্র ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীদের আইন সহায়তা প্রদানের লক্ষ্যে কোস্ট ফাউন্ডেশন জুলাই, ২০২১ থেকে এক্সেস টু জাস্টিস নামক প্রকল্প জিআইজের কারিগরি সহায়তায় বাস্তবায়ন করে যাচ্ছে। আর্থিকভাবে অসচ্ছল, লিঙ্গীয় বৈচিত্র্যের জনগোষ্ঠী ও প্রতিবন্ধ ব্যক্তিদের আইনগত সেবা প্রদান এবং মামলাজট নিরসনে দেশের প্রাচীনকালের সালিশ ব্যবস্থাকে আরও কার্যকর, অংশগ্রহণভিত্তিক এবং পুনঃস্থাপনমূলক করে কর্মউনিট পর্যায়ে আপসযোগ্য ফৌজদারি ও দেওয়ানি অপরাধের মীমাংসা করা এই প্রকল্পের মূল লক্ষ্য।

## মধ্যস্থতায় পারিবারিক বিরোধের অবসান



শালিস বৈঠক, আনোয়ারা ইউনিয়ন, ১২ এপ্রিল ২০২২, ছবি-শেলি ভট্টাচার্য

মনিকা দে এবং অঞ্জনা দে দুইজন আনোয়ারা সদরের অধিবাসী। সম্পর্কে তারা জ্যা হন। তাদের শাশুড়ী পারুল দে। মনিকা দে তার শাশুড়ীর দেখাশুনা করেন কিন্তু অঞ্জনা দে তাকে সহ্য করতে পারেনা, এমনকি অঞ্জনা দে তার শাশুড়ীকে ঠিকমত খেতে দেন না। একদিন মনিকার অনুপস্থিতিতে অঞ্জনা তার শাশুড়ীকে ঘর হতে বের করে দেন, তখন পারুল দে একটি মন্দিরে আশ্রয় নেন। সেখানে তিনি খাবার ও পানি ছাড়া তিনদিন ছিলেন। যখন মনিকা দে বাড়িতে আসেন তিনি তার শাশুড়ীকে দেখতে পায় না, তখন এই বিষয় নিয়ে তাদের মধ্যে ঝগড়া হয়। মনিকা দে শাশুড়ীকে খুজে মন্দির থেকে বাড়ি নিয়ে আসেন এবং সমাজের সম্মানিত ব্যক্তিদের কাছে এর বিচার চান। এলাকাবাসী এই ধরনের কাজের জন্য অঞ্জনার শাস্তি হওয়া উচিত বলে মনে করেন, পরবর্তীতে মনিকা দে আরজেএফকে বিষয়টি জানান।

তিনি অঞ্জনা দে ও মনিকা দের সাথে কথা বলেন এবং তিনি মন্দিরের পাশে একটি সভার ব্যবস্থা করেন। সেই সভায় সিদ্ধান্ত হয় যে, মনিকা ও অঞ্জনা দুইজনই সমানভাবে তাদের শাশুড়ীর দেখাশুনা করবেন। যদি অঞ্জনা তার শাশুড়ীর সাথে একই আচরণ করেন তখন প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। পরবর্তীতে অঞ্জনা তার ভুল বুঝতে পারেন এবং শাশুড়ীকে দেখাশুনা করবেন বলে জানান। পরিশেষে আরজেএফ মনিকা ও অঞ্জনা দুইজনকে মিলিয়ে দেন এবং সভার সমাপ্তি ঘোষনা করেন।



“কোস্ট কর্মউনিটিতে ন্যায়বিচারে প্রবেশাধিকার প্রকল্পের অধীনে জাতীয় আইন সহায়তা দিবসের র্যালি উদযাপন।

জাতীয় আইন সহায়তা দিবস উপজেলা লিগ্যাল এইড কর্মসূচি এবং কোস্ট ফাউন্ডেশনের কর্মউনিটিতে ন্যায়বিচারে প্রবেশাধিকার প্রকল্পের যৌথ উদ্যোগে একটি র্যালির আয়োজন করা হয়। এই র্যালিতে উপস্থিত ছিলেন আনোয়ারা উপজেলার নির্বাহী অফিসার শেখ জোবায়ের আহমেদ, অফিসার ইনচার্জ এসএম দিদারুল ইসলাম, আনোয়ারা উপজেলা লিগ্যাল এইড কর্মসূচি, চুয়েটের সেকশন অফিসার রবেল মাহমুদ। এছাড়াও উপস্থিত ছিলেন প্রকল্পের মনিটারিং এন্ড ইভ্যালুয়েশন অফিসার, কর্মউনিট প্যারালিগ্যাল বৃন্দ এবং আরজেএফ ও কর্মউনিটের বিভিন্ন শ্রেণির মানুষ।

## আরজে প্রক্রিয়ার মাধ্যমে রাস্তার বিরোধের অবসান



আরজে প্রক্রিয়ার বিরোধ নিষ্পত্তি, বাহারছড়া ইউনিয়ন, ২০ এপ্রিল ২০২২, ছবি-ইসমাইল হোসাইন

আবদুল করিম এবং আশীষ কুমার শীল বাশ্চালী উপজেলার বাহারছড়া ইউনিয়নের বাসিন্দা। তারা দুইজন প্রতিবেশী হন। তাদেও বাড়ির সামনে সরকারিভাবে রাস্তা নির্মাণ নিয়ে তাদের দুই পক্ষের মধ্যে বিরোধ হয়। রাস্তার দুপাশে আবদুল করিম ও আশীষ কুমার শীলের জায়গা রয়েছে কিন্তু আশীষ কুমার তার রাস্তার অংশ ছাড়তে না চাওয়ায় আবদুল করিমের বেশিরভাগ অংশ দখল হয়ে যাওয়ার উপক্রম হয়। ফলে করিম অনেক ক্ষতিগ্রস্ত হন, যদি রাস্তার দুপাশ হতে সমান জায়গা নেওয়া হয় তাহলে কোন সমস্যা হবে না বলে জানান। এই সমস্যা সমাধানের জন্য আরজেএফ আবু তৈয়বকে দায়িত্ব দেওয়া হয়। পরবর্তীতে আরজে সভার মাধ্যমে এই সমস্যার সমাধান করা হয়। আশীষ কুমার তার ভুল বুঝতে পারেন এবং জায়গায় অংশ দিতে রাজি হন। বর্তমান তাদের মধ্যে সুসম্পর্ক রয়েছে এবং তারা একসাথে সমাজে বসবাস করছেন।

### মাসিক কার্যক্রমের বিবরণ:

ক্রমিক নং	কার্যক্রমের নাম	টাগেট	অর্জন
১.	মাসিক প্রকল্প স্টাফ সমন্বয় সভা	০২	০২
২.	মাসিক ইউপি সমন্বয় সভা	১৫	১৫
৩.	মাসিক আরজেএফ সমন্বয় সভা	১৫	১৫
৪.	ত্রৈমাসিক আরজে এবং সিভি সমন্বয় সভা	৪৫	৪৫
৫.	কমিউনিটি ভিত্তিক লিগ্যাল এইড ক্লিনিক	০৭	০৭

প্রয়োজনে আরো তথ্য ও যোগাযোগের জন্য

মোবাইল: ০১৭১০-৩২৪৪০০

ইমেইল: [jahirul@coastbd.net](mailto:jahirul@coastbd.net)

ওয়েবসাইট: [www.coastbd.net](http://www.coastbd.net)



“কোস্ট কমিউনিটিতে ন্যায়বিচারে প্রবেশাধিকার প্রকল্পের অধীনে জাতীয় আইন সহায়তা দিবস উপলক্ষে কমিউনিটি ভিত্তিক লিগ্যাল এইড ক্লিনিকের আয়োজন করা হয়।

জাতীয় আইন সহায়তা দিবস উপলক্ষে কোস্ট ফাউন্ডেশন কমিউনিটিতে ন্যায়বিচারে প্রবেশাধিকার প্রকল্প একটি লিগ্যাল এইড ক্লিনিকের আয়োজন করে। উক্ত লিগ্যাল এইড ক্লিনিকে জেলা লিগ্যাল এইড অফিসের প্যানেল আইনজীবি দ্বারা কমিউনিটির মানুষকে বিভিন্ন আইন পরামর্শ এবং আইন সেবা প্রদান করো হয়। সভাটি পরিচালনা করেন কোস্ট ফাউন্ডেশনের কমিউনিটি প্যারালিগ্যাল হাসনাত করিম এবং সভাপতিত্ব করেন উপজেলা ভাইস চেয়ারম্যান। বন্দৰ্ব্য রাখেন রংবেল মাহমুদ(সেকশন অফিসার-চুয়েট), এম এ মালেক(প্যানেল চেয়ারম্যান-পরোকোড় ইউনিয়ন), সঙ্গীত দাশ(ইউপি সদস্য) প্রমুখ। অন্যানের মধ্যে উপস্থিত ছিলেন সার্বিবর উদ্দিন(সিপি), মামুনুর রাশিদ(সিপি), জীমির উদ্দিন(সিপি), টুম্পা ভট্টাচার্য(সিপি), আসমা আন্দার(সিপি), শেলি ভট্টাচার্য(সিপি) আরজেএফ, কমিউনিটি ভলান্টার ও কমিউনিটির বিভিন্ন শ্রেণির মানুষ। বন্দৰ্ব্য প্রান্তিক ও দরিদ্র মানুষের ন্যায়বিচার অর্জনে কোস্ট ফাউন্ডেশনের উদ্যোগ ও সহযোগিতাকে স্বাগত জানান। আলোচনা সভা শেষে জেলা লিগ্যাল এইডের প্যানেল আইনজীবি ৪০ জনকে অসহায় মানুষকে আইন পরামর্শ ও আইনসেবা প্রদান করেন।